বাংলাদেশ ব্যাংক

ব্যক্তি পর্যায়ে বৈদেশিক মুদ্রা লেনদেনের উল্লেখযোগ্য বিধি ব্যবস্থাদি
Salient Features of Foreign Exchange Regulations for Individuals

১। বৈদেশিক মুদ্রায় লেনদেনের জন্য অনুমোদিত প্রতিষ্ঠান :
বাংলাদেশে বৈদেশিক মুদ্রায় লেনদেন শুধুমাত্র বাংলাদেশ ব্যাংকের লাইসেন্সপ্রাপ্ত অনুমোদিত ডিলার ব্যাংক ও মানিচেঞ্জার প্রতিষ্ঠানগুলোর সাথে সম্পন্ন করা যায়। বাংলাদেশ ব্যাংকের লাইসেন্সপ্রাপ্ত অনুমোদিত ডিলার ব্যাংক ও মানিচেঞ্জার প্রতিষ্ঠান ছাড়া অন্য কারো সাথে বৈদেশিক মুদ্রায় লেনদেন বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন, ১৯৪৭ এর আওতায় দণ্ডযোগ্য অপরাধ।

1. Authorised entities for transactions in foreign exchange :
In Bangladesh, transactions in foreign exchange may be done only with authorised dealer banks and money changers licensed by Bangladesh Bank. Dealing in foreign exchange other than with authorised dealer banks and licensed money changers is punishable offence under the Foreign Exchange Regulation Act, 1947.

২। বিদেশে কর্মরত বাংলাদেশিদের পাঠানো রেমিট্যান্স গ্রহণ :
বিদেশে কর্মরত বাংলাদেশিদের পাঠানো রেমিট্যান্স ব্যাংক শাখার পাশাপাশি বাংলাদেশ পোস্ট অফিসের শাখা অফিস, অনুমোদিত এনজিও'র শাখা অফিস ও মোবাইল কোম্পানির এজেন্ট হতেও গ্রহণ করা যায়। বিদেশ হতে প্রেরিত রেমিট্যান্স ২(দুই) কার্যদিবসের মধ্যে প্রাপকের হাতে পৌঁছে দেয়ার জন্য ব্যাংকগুলোকে নির্দেশনা দেয়া হয়েছে।

2. Receipt of remittance sent by Bangladesh nationals working abroad :
Besides bank branches, remittance sent by Bangladesh nationals working abroad can be received through branch offices of post office, branch offices of approved NGOs and agents of mobile phone companies. Banks have been advised to deliver remittances to the beneficiaries within 02(two) working days.

৩। বিদেশ যাওয়া ও ফেরত আসার সময় বাংলাদেশি মুদ্রা সঙ্গে বহন :
বিদেশে যাবার সময় কোন ব্যক্তি বাংলাদেশি মুদ্রায় অনধিক ১০,০০০ (দশ হাজার) টাকা সঙ্গে নিতে পারেন ; বিদেশ হতে বাংলাদেশে ফেরার সময়ও অনধিক ১০,০০০ (দশ হাজার) টাকা সঙ্গে আনতে পারেন।

3. Carrying Bangladesh currency while proceeding abroad and returning to Bangladesh :
Any person can take out Bangladesh currency upto Taka 10000 (ten thousand) while proceeding abroad; can bring in Bangladesh currency upto Taka 10000 while returning to Bangladesh.

৪। বিদেশ থেকে দেশে প্রবেশের সময় বৈদেশিক মুদ্রা সঙ্গে আনয়ন :
বিদেশ থেকে দেশে আসার সময় কাস্টমস কর্তৃপক্ষের কাছে FMJ ফরমে ঘোষণা দিয়ে যে কোন পরিমাণ বৈদেশিক মুদ্রা সাথে আনা যায়; তবে অনধিক ৫,০০০ (পাঁচ হাজার) মার্কিন ডলার বা সমমূল্যের অন্যান্য বৈদেশিক মুদ্রা (নগদ, ব্যাংক ড্রাফট, ইত্যাদি আকারে) সঙ্গে আনার জন্য ঘোষণা দাখিলের প্রয়োজনীয়তা নেই।

4. Bringing in foreign currency while entering into Bangladesh :
Any amount of foreign currency can be brought in while entering into Bangladesh with declaration to the customs authorities in FMJ form. No declaration, however, is necessary for amount brought in upto USD 5000 or equivalent other foreign currencies (in cash, bank draft etc.).

৫। বিদেশ থেকে দেশে আনা বৈদেশিক মুদ্রার ব্যবহার ও বিদেশে ফেরত নিয়ে যাওয়া :
ক. নিবাসী বাংলাদেশিরা বিদেশ থেকে সঙ্গে আনা অনধিক পাঁচ হাজার মার্কিন ডলার মূল্যমানের বৈদেশিক মুদ্রা নিজের সঙ্গে রাখতে পারেন বা অনুমোদিত ডিলার ব্যাংকে নিবাসী বৈদেশিক মুদ্রা অ্যাকাউন্টে জমা রাখতে পারেন, পরবর্তী বিদেশ যাত্রায় সঙ্গেও নিয়ে যেতে পারেন। FMJ ফরমে ঘোষণা দিয়ে আনা পাঁচ হাজার মার্কিন ডলারের অতিরিক্ত পরিমাণ বৈদেশিক মুদ্রা দেশে ফেরার এক মাসের মধ্যে অনুমোদিত ডিলার ব্যাংকে/লাইসেন্সধারী মানিচেঞ্জারের কাছে বিক্রয় বা নিবাসী বৈদেশিক মুদ্রা অ্যাকাউন্টে জমা করা নিবাসী বাংলাদেশিদের জন্য বাধ্যতামূলক।
খ. বিদেশ থেকে আগত অনিবাসী/বিদেশিরা সঙ্গে আনা (এবং পাঁচ হাজার মার্কিন ডলারের বেশি হলে শুল্ক কর্তৃপক্ষের কাছে ঘোষণা দেয়া) বৈদেশিক মুদ্রা অনুমোদিত ডিলার ব্যাংক/মানি চেঞ্জারের নিকট নগদায়ন করতে পারেন, নিজের সঙ্গে বা অনুমোদিত ডিলার ব্যাংকে বৈদেশিক মুদ্রা অ্যাকাউন্টে জমা রাখতে পারেন; অব্যবহৃত অংশ বাংলাদেশ ত্যাগকালে সঙ্গে নিয়ে যেতে পারেন। উল্লেখ্য, বিদেশ থেকে ৫,০০০ (পাঁচ হাজার) মার্কিন ডলার/সমমূল্যের অন্যান্য বৈদেশিক মুদ্রার বেশি আনা অর্থ বিদেশে ফেরত যাওয়ার সময়ে সঙ্গে নিতে হলে FMJ ফরমে ঘোষণা পত্রের কপি সাথে রাখতে হবে।

5. Usage and taking back of foreign currency brought in from abroad :
a. Resident Bangladesh nationals can retain with themselves foreign currency upto USD 5000 or equivalent brought in by himself/herself from abroad or can deposit the same in Resident Foreign Currency Deposit Account (RFCDA) with authorised dealer banks or can take out the same at the time of subsequent travel abroad. However, selling to authorised dealer/money changer or depositing in RFCDA of foreign exchange in excess of USD 5000 or equivalent brought in with declaration in FMJ form, within one month of arrival is mandatory for resident Bangladesh nationals.
b. Foreign currencies brought in (and declared in FMJ form with customs authorities for amount exceeding USD 5000 or equivalent) by the non-residents/foreigners can be encashed with authorised dealer bank/money changer, can be retained with themselves or deposited into foreign currency accounts with authorised dealer banks; unused portion of the foreign currencies can be taken back at the time of departure from Bangladesh. However, copy of form of declaration of foreign currency in FMJ should be retained with while taking back foreign currency exceeding USD 5000 or equivalent brought from abroad.

৬। বিদেশ যাবার সময় বৈদেশিক মুদ্রা হিসাবধারীগণ কর্তৃক বৈদেশিক মুদ্রা নিয়ে যাওয়া :
বৈদেশিক মুদ্রা হিসাবধারী ব্যক্তিবর্গ বিদেশ গমনের সময় তাদের স্ব স্ব বৈদেশিক মুদ্রা হিসাব হতে প্রয়োজনীয় পরিমাণ বৈদেশিক মুদ্রা (তবে মার্কিন ডলার নোট আকারে অনধিক ৫,০০০) পাসপোর্টে এন্ডোর্সমেন্ট ও অন্য বিধানাবলীর পরিপালন সাপেক্ষে অনুমোদিত ডিলার ব্যাংক হতে গ্রহণ ও বাংলাদেশ ত্যাগকালে সাথে নিয়ে যেতে পারেন।

6. Taking out of foreign currency by foreign currency account holders while proceeding abroad :
Foreign currency account holders can withdraw and take out necessary amount (upto 5000 in USD note) of foreign currency drawn from their respective foreign currecncy accounts with authorised dealer banks during proceeding abroad with endorsement in passport and complying other instructions.

৭। বাংলাদেশে আগত বৈদেশিক পর্যটক কর্তৃক অব্যয়িত টাকা বৈদেশিক মুদ্রায় পুনঃরূপান্তর :
যে অনুমোদিত ডিলার/মানিচেঞ্জারের নিকট বৈদেশিক মুদ্রা টাকায় ভাঙানো হয়েছে, নগদায়ন সনদ প্রদর্শনপূর্বক শুধুমাত্র সেই অনুমোদিত ডিলার/মানিচেঞ্জার থেকে অব্যয়িত টাকার অংক বৈদেশিক মুদ্রায় পুনঃরূপান্তর করে সংশ্লিষ্ট অনিবাসী বাংলাদেশ ত্যাগকালে তা সঙ্গে নিতে পারেন। মানিচেঞ্জারের বেলায় পুনঃরূপান্তরিত বৈদেশিক মুদ্রার অংক ৫০০ মার্কিন ডলারের বেশি হবে না। উল্লেখ্য, বিমানবন্দরের বর্হিগমন লাউঞ্জে অবস্থিত ব্যাংক বুথ অনধিক ১০০(একশত) মার্কিন ডলার সমপরিমাণ অংকের পুনঃরূপান্তর সুবিধা দিতে পারে।

7. Reconversion of unspent taka into foreign currency by foreign tourists :
Foreign tourists can reconvert the unspent taka into foreign currency from the same authorised dealer/money changer from which the foreign currency was encashed earlier on production of the encashment certificate and take out the same at the time of departure from Bangladesh. However, in case of money changer the amount of reconversion will not exceed USD 500 or equivalent. Bank booths located in departure lounge of airports can provide reconversion facility upto USD 100 or equivalent.

৮। বিদেশ হতে ব্যাংকের মাধ্যমে পাঠানো বৈদেশিক মুদ্রা টাকায় গ্রহণের ক্ষেত্রে 'Form C' তে ঘোষণা প্রদান :
বিদেশ হতে ব্যাংকের মাধ্যমে পাঠানো অনধিক ১০,০০০(দশ হাজার) মার্কিন ডলার/সমমূল্যের অন্যান্য বৈদেশিক মুদ্রা টাকায় গ্রহণ করার জন্য 'Form C' তে ঘোষণা প্রদানের প্রয়োজনীয়তা নেই। উল্লেখ্য, বিদেশে কর্মরত বাংলাদেশিগণ (Wage Earners') কর্তৃক ব্যাংকের মাধ্যমে পাঠানো রেমিট্যান্স গ্রহণ করার জন্যও 'Form C' তে কোনরূপ ঘোষণা প্রদানের প্রয়োজন হয় না।

8. Declaration on 'Form C' against inward remittances :
Declaration on 'Form C' is not required for receiving inward remittance upto USD 10,000/equivalent other foreign currencies sent from abroad through banking channel. However, declaration on 'Form C' is not required for receiving remittances sent by Bangladesh nationals working abroad (Wage Earners') through banking channel.

৯। বিদেশ ভ্রমণের জন্য ব্যক্তিগত ভ্রমণ কোটা :
নিবাসী বাংলাদেশিদের বিদেশ ভ্রমণের জন্য বার্ষিক ভ্রমণ কোটার পরিমাণ এক পঞ্জিকাবর্ষে সর্বমোট ১২,০০০ (বারো হাজার) মার্কিন ডলারে উন্নীত করা হয়েছে। এর মধ্যে সার্কভুক্ত দেশগুলো ও মায়ানমার ভ্রমণের জন্য অনধিক ৫,০০০ (পাঁচ হাজার) মার্কিন ডলার/সমমান অন্যান্য বৈদেশিক মুদ্রা এবং সার্কভুক্ত দেশ ও মায়ানমার ব্যতীত অন্যান্য দেশে ভ্রমণের জন্য অনধিক ৭,০০০ (সাত হাজার) মার্কিন ডলার/সমমান অন্যান্য বৈদেশিক মুদ্রা কেনা যাবে। এর মধ্যে এককালীন সর্বোচ্চ ৫,০০০ মার্কিন ডলার নগদ নোট আকারে কেনা যায়। অবশিষ্ট/সমুদয় অংক অন্যান্য বৈদেশিক মুদ্রায় নগদ নোট আকারে ও আন্তর্জাতিক কার্ডের মাধ্যমে নেয়া যায়। তবে এসব ক্ষেত্রে সংশ্লিষ্ট যাত্রীর পাসপোর্টে সমপরিমাণ বৈদেশিক মুদ্রা এন্ডোর্সকৃত হতে হবে।

9. Personal travel quota for travelling abroad :
Annual travel quota for resident Bangladesh nationals for travelling abroad has been enhanced upto USD 12,000 during a calendar year. Within this, upto USD 5,000 or equivalent can be bought for travelling to SAARC member countries and Myanmar while upto USD 7,000 or equivalent can be bought for travelling other countries. Out of this, foreign exchange in the form of cash USD note can be bought upto 5000 per person per trip. The remaining amount of entitlement or the entire entitlement may be taken in the form of cash note of other freely convertible foreign currencies or in international card. However, equivalent foreign exchange should be endorsed on the passport of the concerned passenger.

১০। বিদেশে প্রশিক্ষণ/সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণ ফি প্রেরণ :
সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত/বেসরকারি/এনজিও প্রতিষ্ঠান ও ব্যাংকের কর্মকর্তাদের বিদেশে প্রশিক্ষণ, সেমিনার ও ওয়ার্কশপে অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশন/অংশগ্রহণ ফি অনুমোদিত ডিলার ব্যাংকের মাধ্যমে বৈদেশি আয়োজক সংস্থার অনুকূলে প্রেরণ করা যায়।

10. Remittance for registration/participation fee for training/seminar/workshop abroad :
For attending training/seminar/workshop abroad by the employees/officials of Government/semi-government/autonomous bodies/private companies/NGOs and banks operating in Bangladesh; foreign exchange on account of registration/participation fees can be remitted through authorised dealers to the organising institutions abroad.

১১। আন্তর্জাতিক কার্ডের মাধ্যমে হোটেল বুকিং ও ভিসা ফি প্রেরণ :
বিদেশগামী বাংলাদেশিগণ আন্তর্জাতিক কার্ডের মাধ্যমে অনলাইনে বাংলাদেশ থেকে বিদেশে হোটেল বুকিং ও ভিসা ফি প্রেরণ করতে পারেন।

11. Online hotel booking and payment of visa fees using international cards :
Outgoing Bangladesh nationals can book hotel abroad and pay visa fee through online by using international cards from Bangladesh.

১২। আন্তর্জাতিক কার্ডের মাধ্যমে অনলাইনে পণ্য/সেবা ক্রয় এবং সাবস্ক্রিপশন ফি প্রেরণ :
বৈদেশিক উৎস হতে পণ্য ও সেবা (যেমন- ডাউনলোডযোগ্য অ্যাপ্লিকেশন সফটওয়্যার, ই-বুক ইত্যাদি) সহ বৈধ যেকোন ক্রয় এবং পত্রিকা/ম্যাগাজিনের সাবস্ক্রিপশনস্ ফি পরিশোধের নিমিত্ত একক লেনদেনে সর্বোচ্চ মা.ড. ৩০০ (মার্কিন ডলার তিনশত) বা সমমূল্যের অন্য বৈদেশিক মুদ্রা আন্তর্জাতিক কার্ড ব্যবহার করে অনলাইনে পরিশোধ করা যাবে (প্রযোজ্যক্ষেত্রে কর পরিশোধ সাপেক্ষে)।

12. Online purchase of goods/services and payment of subscription fees using international cards :
International cards can be used for online payment not exceeding USD 300.00 (US Dollar three hundred) or its equivalent at a single transaction against legitimate purchases of items of goods and services (such as downloadable application software, e-books etc.) and payment of subscription fees of newspapers/magazine abroad (subject to payment of taxes in applicable cases).

১৩। ফ্রিল্যান্সিং/বিজনেস প্রসেস আউটসোর্সিংয়ের বিপরীতে অর্জিত বৈদেশিক মুদ্রা গ্রহণ :
উপযুক্ত ব্যক্তিগণ অনিবাসীদের প্রদত্ত বিভিন্ন সেবা (ব্যবসায়িক সেবা, পরামর্শ সেবা, ডাটা এন্ট্রি, ডাটা প্রসেসিং, বিজনেস প্রসেস আউটসোর্সিং ইত্যাদি) প্রদান করে বিদেশে অর্জিত অর্থ ব্যাংকের মাধ্যমে সহজেই দেশে আনতে পারেন। এছাড়া অনলাইন পেমেন্ট গেটওয়ে ব্যবহার করেও এসব অর্জিত অর্থ দেশে আনা যায় (প্রতি ক্ষেত্রে অনধিক পাঁচ হাজার মার্কিন ডলার)। অর্জিত বৈদেশিক মুদ্রার অনধিক সত্তর শতাংশ পরিমাণ রপ্তানিকারকের রিটেনশন কোটা হিসাবে জমা রাখা যায়; যার স্থিতি যে কোন প্রকৃত চলতি প্রকৃতির প্রয়োজনে বিদেশে প্রেরণ বা টাকায় নগদায়ন করা যায়।

13. Inward remittances against freelancing/business process outsourcing (BPO) services :
Eligible persons can bring in their foreign currency earnings abroad to home through barks, earned by providing different services (business services, consultancy services, data entry, data processing, business process outsourcing, etc.) to non-residents. Besides, such foreign exchange earnings can be repatriated to home by using Online Payment Gateway Service Providers (OPGSPs) also (maximum USD 5000/equivalent per instance). Out of the foreign currency earnings, maximum 70 percent can be retained in exporter's retention quota (ERQ) account; balance of which may be remitted for any bonafide current account purpose or can be encahsed to taka .

১৪। ভার্চুয়াল কার্ড ব্যবহার করে বিভিন্ন ধরনের আইটি সংক্রান্ত ফি বিদেশে প্রেরণ :
মোবাইল অ্যাপস/গেইমস্ ডেভেলপার/ফ্রিল্যান্সারদের বিভিন্ন নিবন্ধন/লাইসেন্স, অনলাইন প্রশিক্ষণ, ডোমেইন রেজিস্ট্রেশন/নবায়ন, হোস্টিং সলিউশন ইত্যাদি বিষয়ক ফি সেবা রপ্তানিকারকের রিটেনশন কোটা হিসাবের স্থিতি ব্যবহারের পাশাপাশি অনুমোদিত ডিলার ব্যাংকের মাধ্যমে ভার্চুয়াল কার্ড ব্যবহার করে (এক বছরে অনধিক ৩০০ মার্কিন ডলার) বিদেশে পাঠানো যায়।

14. Remitting various IT related fees using virtual card :
Different fees of the mobile aps/games developers/freelancers like online training, domain registration/renewal, hosting solution, etc. may be remitted abroad by using virtual card through authorised dealer banks in addition to using the balance of ERQ of the service exporters.

১৫। বিদেশে শিক্ষা গ্রহণে বৈদেশিক মুদ্রা ছাড়করণ :
বৈদেশিক শিক্ষা প্রতিষ্ঠানে অনুমোদিত কোর্সে লেখাপড়ার জন্য ভর্তি প্রক্রিয়াকরণ বিষয়ক বিভিন্ন ফি, TOEFL, SAT ইত্যাদি পরীক্ষার ফি ভার্চুয়াল কার্ডসহ আন্তর্জাতিক কার্ড, টিটি ইত্যাদি মাধ্যমে পরিশোধ করা যায়। পাশাপাশি বিদেশের স্বীকৃত প্রতিষ্ঠানে শিক্ষা গ্রহণের জন্য টিউশন ফি, বিদেশে থাকা খাওয়ার খরচ এবং বার্ষিক ভ্রমণ কোটার বিপরীতে বৈদেশিক মুদ্রা কেনা যায়। অধিকন্তু, যারা স্টুডেন্ট ফাইল না খুলেই উচ্চ শিক্ষার জন্য বিদেশে চলে যেছেন তারাও উপযুক্ত কারণে অভিভাবকের মাধ্যমে ফাইল খুলে বিদেশে বৈদেশিক মুদ্রা প্রেরণ করতে পারেন।

15. Release of foreign exchange for study abroad:
Different types of admission processing fees payable to foreign educational institutes relating to studying abroad in admissible courses, fees for examination like TOEFL, SAT can be paid by TT, international cards including virtual cards, etc. Besides, for studying at recognised institutions abroad, foreign currency may be purchased against tuition fees, living cost and annual travel quota. Also, persons who have gone abroad without opening student file, now can remit necessary foreign exchange abroad through opening student file with the help of guardian after showing reasonable ground.

১৬। বিদেশে চিকিৎসা ব্যয়বাবদ নিবাসী বাংলাদেশি কর্তৃক বৈদেশিক মুদ্রা ক্রয় :
বিদেশে চিকিৎসা প্রতিষ্ঠানের দেয়া ব্যয় প্রাক্কলন মোতাবেক অনধিক ১০,০০০ মার্কিন ডলার/সমপরিমাণ অন্য বৈদেশিক মুদ্রা অনুমোদিত ডিলার ব্যাংক থেকে কেনা যায়, এর বেশি মাত্রায় বৈদেশিক মুদ্রা ক্রয় বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমতি সাপেক্ষ।

16. Buying of foreign exchange for treatment abroad by resident Bangladesh nationals :
Upto USD 10000 or equivalent other foreign currency may be bought from the authorised dealer banks on the basis of the cost estimate of the foreign medical institution. Buying of foreign exchange in excess of the said amount requires prior permission of Bangladesh Bank.

১৭। বিদেশ গমনকালে নিবাসী বাংলাদেশি কর্তৃক বিভিন্ন উদ্দেশ্যে অনুমোদিত ডিলার ব্যাংক হতে গৃহীত বৈদেশিক মুদ্রা বহন :
নিবাসী বাংলাদেশিগণ বিভিন্ন চলতি প্রয়োজনে অনুমোদিত ডিলার হতে গৃহীত নগদ বৈদেশিক মুদ্রা বাংলাদেশ ত্যাগকালে সাথে বহন করতে পারেন। বৈধ উৎস হতে ক্রয়ের প্রমাণস্বরূপ এসব ক্ষেত্রে সংশ্লিষ্ট যাত্রীর পাসপোর্টে সমপরিমাণ বৈদেশিক মুদ্রা এন্ডোর্সকৃত হতে হবে।

17. Carrying of foreign currencies by resident Bangladesh nationals while proceeding abroad
Resident Bangladesh nationals may carry foreign currencies bought from authorised dealer against different entitlements and can carry the same at the time of leaving Bangladesh. Such foreign currencies, should however, be endorsed to the passport of the concerned passenger evidencing buying from authorised sources.

[উল্লিখিত বিষয়বস্তুসমূহ মূল নির্দেশনার সংক্ষেপিত ভাষ্য। বিস্তারিত ভাষ্যের জন্য গাইডলাইন ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজাকশান ২০০৯ (খন্ড-১) ও বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত একই সার্কুলার/ সার্কুলার লেটারগুলো দেখা যেতে পারে যেগুলো বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটেও (www.bb.org.bd) প্রদর্শিত হচ্ছে। এ বিষয়ে অতিরিক্ত কোন তথ্যের প্রয়োজন হলে বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা; টেলিফোন : ৯৫৩০১২৩, ৯৫৩০২৯৮, ৯৫৩০১৪২, ৯৫৩০০৯২, ১৬২৩৬, ই-মেইল: gm.fepd@bb.org.bd; fepd.femp1@bb.org.bd বরাবরে যোগাযোগ করা যেতে পারে ।

The above issues are summarised versions of original instructions. For further information Guidelines for Foreign Exchange Transactions 2009 (Volume-1) and FE Circular/ Circular Letters issued by Bangladesh Bank may be consulted which are also available in website of Bangladesh Bank (www.bb.org.bd). For further inquiry please contact 'Foreign Exchange Policy Department, Bangladesh Bank, Head Office, Dhaka; Telephone: 9530123, 9530298, 9530142, 9530092, 16236, E-mail: gm.fepd@bb.org.bd; fepd.femp1@bb.org.bd]